**অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে:** 11/24/2021 **গভর্নর ক্যাথি হোকল**

# গভর্নর হোকল প্রাক্তন লাকাওয়ানা বেথলেহেম স্টিল সাইটের জন্য সার্বিক পরিচ্ছন্নকরণ পরিকল্পনা ঘোষণা করলেন

***আনুমানিক 69 মিলিয়ন মার্কিন ডলারের পরিচ্ছন্নকরণ শুরু হবে আগামী বছর***

***পরিচ্ছন্নকরণ এক শতাব্দীর বেশি সময় পর লেক ইরি ওয়াটারফ্রন্টকে জনসাধারণের জন্য খুলে দিবে***

গভর্নর ক্যাথি হোকল আজকে লাকাওয়ানাতে প্রাক্তন বেথলেহেম স্টিল (Bethlehem Steel) সাইটের আনুমানিক 69 মিলিয়ন মার্কিন ডলারের সংস্কারের জন্য চূড়ান্ত পরিচ্ছন্নতাকরণ পরিকল্পনা নির্বাচনের ঘোষণা করলেন। ঘোষণাটির ভিত্তি সাইটটিতে ইতিমধ্যে চলমান অগ্রগতি, এবং অগ্রসর পরিচ্ছন্নতাকরণ পরিকল্পনা নির্মাণ আগামী বছরে শুরু হবে এমন প্রত্যাশা করা হচ্ছে। পুরো সাইটটির দূষণ সমাধানের পাশাপাশি, পরিচ্ছন্নতাকরণ প্রায় 100 বছরের বেশি সময় পরে লেক ইরিকে জনসাধারণের জন্য খুলে দিবে।

"আমার পরিবার বেথলেহেম স্টিল প্ল্যান্টে কাজ করেছে এবং আমি নিজের অভিজ্ঞতা থেকে জানি লাকাওয়ানার প্রাক্তন এই সাইটটি পরিষ্কার করলে তা সেখানে বসবাসরত মানুষের জন্য কত বড় ব্যাপার হবে," **গভর্নর হোকল বলেন।** "আজকে এই শহরের পুনর্জন্মের জন্য একটি অতি জরুরি মাইলফলক চিহ্নিত হল এবং নিউ ইয়র্ক স্টেট কিভাবে বেথলেহেম স্টিলের মতো প্রাক্তন শিল্পকারখানার সাইটকে ভালো কাজে ব্যবহার করে, এলাকা রূপান্তরিত করতে সাহায্য করে, পরিবেশ রক্ষা করে এবং অর্থনৈতিক বিকাশের সূচনা করে সম্প্রদায়সমূহকে পুনর্গঠিত করছে এই প্রকল্পটি তার প্রকৃষ্ট উদাহরণ।"

বিংশ শতাব্দীর শুরুর দিকে স্থাপিত লোহা ও স্টিল উৎপাদনের জন্য 1,600 একরের বেশি স্থানজুড়ে অবস্থিত বেথলেহেম স্টিল একসময় পশ্চিম নিউ ইয়র্কের একটি প্রধান অর্থনৈতিক ইঞ্জিন ছিল। জমিটির বিভিন্ন অংশের সংস্কার নিউ ইয়র্কের স্টেট প্রোগ্রামসমূহ দ্বারা অগ্রসর হচ্ছে, যার মধ্যে আছে ডিপার্টমেন্ট অফ এনভায়রনমেন্টাল কনজার্ভেশনের (Department of Environmental Conservation, DEC) স্টেট সুপারফান্ড প্রোগ্রাম (State Superfund Program), রিসোর্স কনজার্ভেশন অ্যান্ড রিকভারি অ্যাক্ট কারেক্টিভ অ্যাকশন প্রোগ্রাম (Resource Conservation and Recovery Act Corrective Action Program), এবং ব্রাউনফিল্ড ক্লিনআপ প্রোগ্রাম (Brownfield Cleanup Program)। সাইটের দূষণের মধ্যে রয়েছে ধাতুর উত্থিত মাত্রা, যেমন আর্সেনিক ও স্টিল শিল্পের জন্য সাধারণত অন্যান্য যেসব উৎপাদন প্রক্রিয়া সংশ্লিষ্ট ধাতু

থাকে। পাশাপাশি, রেল পরিবহন, তেল, গ্রিজ এবং জীবাশ্ম জ্বালানির ব্যাপক ব্যবহারের ফলে সাইটের মাটি অর্ধ-উদ্বায়ী জৈব কার্বন যৌগ দ্বারা প্রভাবিত হয়েছে, বিশেষ করে পলিসাইক্লিক অ্যারোমেটিক হাইড্রোকার্বনসমূহ।

**ডিপার্টমেন্ট অফ এনভায়রনমেন্টাল কনজার্ভেশনের কমিশনার ব্যাসিল সেগোস বলেন,** "প্রাক্তন বেথলেহেম স্টিলের জায়গার পরিচ্ছন্নতাকরণ ও পুনর্গঠন লাকাওয়ানা শহর ও পুরো পশ্চিম নিউ ইয়র্কের জন্য রূপান্তরকারী হবে। এই পুনর্জন্মটি, যা জনস্বাস্থ্য ও পরিবেশ রক্ষা করে অগ্রসর হচ্ছে তা নিশ্চিত করার জন্য DEC তত্ত্বাবধান করছে, সম্পূর্ণ সম্প্রদায়ের জন্য লাভজনক হবে, এক শতাব্দীর বেশি সময় পর জনসাধারণকে ওয়াটারফ্রন্ট ব্যবহারের সুযোগ করে দিয়ে বিনোদন উন্নত করবে এবং বিকাশ সুযোগ বৃদ্ধির সূচনা করবে যা অঞ্চলের অর্থনীতিকে জোরদার করবে।"

আজকে চূড়ান্ত হওয়া স্টেটমেন্ট অফ বেসিস ( Statements of Basis) পাওয়া যাবে DEC ওয়েবসাইট এনভায়রনমেন্টাল ক্লিনআপ অ্যাট বেথলেহেম স্টিল সাইট- NYS ডিপার্টমেন্ট অফ এনভায়রনমেন্টাল কনজার্ভেশনে (Environmental Cleanup at Former Bethlehem Steel Site - NYS Dept. of Environmental Conservation), এই জায়গাটির সাথে সম্পর্কিত দূষণ সমাধানে নির্বাচিত প্রতিকার এবং কেন এটি নির্বাচিত হয়েছে সে ব্যাপারে বিস্তারিত বর্ণনা করে। নথিগুলির মধ্যে রয়েছে একটি সাড়াদানের সারমর্ম (Responsiveness Summary) যা প্রস্তাবনাগুলির ব্যাপারে জনমত নিয়ে কথা বলে, যা 2021 সালের মে মাসে ঘোষিত হয়েছিলো। পরিচ্ছন্নকরণ নকশা করা হয়েছে প্রাক্তন বেথলেহেম স্টিল সম্পত্তিকে এমন উপায়ে সংস্কার করার জন্য যাতে এটি জনস্বাস্থ্য ও পরিবেশের সুরক্ষা করে। সাইটের এই টেকসই পুনঃস্থাপন প্রাকৃতিক সম্পদ সংরক্ষণ, পুনঃস্থাপন ও সংযুক্ত করার DEC-র লক্ষ্য এবং লেক ইরি উপকূলের স্থিতিশীলতা বৈশিষ্ট্য অগ্রসর করে।

রেমেডিয়াল অ্যাকশন প্ল্যান (Remedial action plans, RAPs) এই জায়গার জন্য প্রচেষ্টাগুলির দিকনির্দেশনা দিবে। দূষণ সমাধানের পাশাপাশি, পরিচ্ছন্নতাকরণ এবং পশ্চাদনুসারী জীবের বাসস্থান পুনঃস্থাপন কাজ 100 বছরের বেশি সময় পর প্রথমবারের মতো জনগণের ওয়াটারফ্রন্ট ব্যবহারের সুযোগ প্রদান করবে। DEC, টেকুমেশ (Tecumseh) এবং টেকুমেশের প্রাক্তন প্যারেন্ট কর্পোরেশন আর্সেলর মিত্তাল USA (Arcelor Mittal USA) এর মধ্যকার আইন প্রয়োগ চুক্তি, 2020 অর্ডার ও কনসেন্টের (Order on Consent) শর্তানুযায়ী আনুমানিক 69 মিলিয়ন মার্কিন ডলার ব্যয়ে বেথলেহেম স্টিলের প্রাক্তন সাইটের সার্বিক পরিচ্ছন্নতাকরণের জন্য RAP গুলি আবশ্যক।

DEC-র কনসেন্ট অর্ডার অনুযায়ী বেথলেহেম স্টিলের দেউলিয়া হওয়ার পর তাদের পরিবেশগত দায় গ্রহণকারী কোম্পানি টেকুমেশ ও আর্সেলরমিত্তাল আইনগতভাবে যা করতে বাধ্য:

- একটি ব্যাপক সংস্কার কর্মসূচি সম্পন্ন করুন যার মধ্যে রয়েছে লেক এরি উপকূলরেখার নিকটবর্তী সাবেক বেথলেহেম ইস্পাত সাইটের 489 একর ক্লিনআপ ও পর্যবেক্ষণ;
- সাইট বন্ধ করার এবং বন্ধ করার পরের রক্ষণাবেক্ষণ প্রদান, যার মধ্যে আর্থিক আশ্বাস থাকবে;

- পরিচ্ছন্নতাকরণের তত্ত্বাবধানে ব্যয় হওয়া অর্থ নিউ ইয়র্ক স্টেটকে ফেরত দিবে;
- সাইট পরিষ্কার পরিকল্পনা উন্নয়ন ও বাস্তবায়নে জনগণের দৃঢ় অংশগ্রহণ ও সম্পৃক্ততা সমর্থন করা;
- লাকাওয়ানা ওয়াটারফ্রন্টের কিছু অংশের পরিচ্ছন্নতাকরণের পর তা জনসাধারণের ব্যবহারে জন্য খুলে দিবে; এবং
- একটি সরকারি/বেসরকারি অংশীদারিত্বে অংশগ্রহণ করবে যা লাকওয়ানার উপকূলের এলাকা পুনঃস্থাপন ও জীবের বাসস্থান উন্নত করার জন্য অবস্থান ও নকশা মূল্যায়ন করবে।

ইরিি হ্রদে ওয়াটারফ্রন্টের অ্যাক্সেস বৃদ্ধি এই সাইটের জন্য একটি টেকসই অর্থনৈতিক উন্নয়ন কৌশলের একটি গুরুত্বপূর্ণ উপাদান। ওয়াটারফ্রন্ট জনসাধারণের ব্যবহারের জন্য খুলে দেওয়ার জন্য এবং উপকূল ধরে জীব বাসস্থান পুনঃস্থাপনের জন্য DEC সম্প্রদায়ের স্টেকহোল্ডারদের সাথে কাজ করতে চায়।

**সিনেটর টিম কেনেডি বলেন,** "প্রাক্তন বেথলেহেম স্টিলের সাইটটি একসময় চাকরি ও অর্থনৈতিক কর্মকাণ্ডে সরব থাকতো, এবং এখন, এর উল্লেখযোগ্য অগ্রগতির পর, আমরা ধীরে কিন্তু নিশ্চিতভাবে এর সম্ভাবনা আরেকবার দেখার দিকে ধাবিত হচ্ছি। পশ্চিম নিউ ইয়র্কবাসীরা অবশেষে জায়গাটির ব্যাপারে একটি রূপান্তরমূলক প্রচেষ্টা দেখবে, এবং এই উদ্যোগটি লাকাওয়ানার কর্মজীবী নারী-পুরুষের জন্য কি সুযোগ নিয়ে আসে দেখার জন্য আমি অত্যন্ত আগ্রহী। আমি এর গুরুত্ব ও প্রভাব বুঝতে পারার জন্য নিউ ইয়র্ক স্টেট , DEC এবং গভর্নর হোকলের প্রশংসা করছি।"

**সিনেটর শন রায়ান বলেন,** "অনেক দশক আগে, বেথলেহেম স্টিল পশ্চিম নিউ ইয়র্ক অর্থনীতির কেন্দ্র ছিলো। প্ল্যান্টটি যখন বন্ধ হল, তা আমাদের অঞ্চলের পরিবারকে প্রভাবিত করেছে। সাইটের সংস্কারের ফলে এই ক্ষয়প্রাপ্ত জমিটি আরেকবার আমাদের অঞ্চলের অর্থনীতিতে অবদান রাখবে, এবং কয়েক প্রজন্মের মধ্যে প্রথমবারের মতো জনগণকে লাকাওয়ানা ওয়াটারফ্রন্ট ব্যবহারের সুযোগ দিবে। যারা নিজের চোখে বেথলেহেম স্টিলের প্রয়াণের প্রভাব দেখেছে লাকাওয়ানার এমন একজন আদি নিবাসী হিসেবে, আমার এই প্রকল্প আমার নিজের এলাকায় যে প্রভাব আনবে তার প্রতি বিশেষ সমাদর রয়েছে এবং আমরা এই জরুরি মাইলফলক পার করতে পেরেছি দেখে আমি অত্যন্ত আনন্দিত।"

**অ্যাসেম্বলিমেম্বার জনাথন রিভেরা বলেন,** "নিউ ইয়র্ক স্টেটের ডিপার্টমেন্ট অফ এনভায়রনমেন্টাল কনজার্ভেশনের (New York State Department of Environmental Conservation, NYSDEC) সার্বিক সংস্কার প্রচেষ্টার ফল হিসেবে, প্রাক্তন বেথলেহেম স্টিল সাইটের পরিচ্ছন্নতাকরণ এক শতাব্দী পর প্রথমবারের মতো জনগণকে লেক ইরি ব্যবহার করার সুযোগ প্রদান করবে। প্রায় 500 একর জমিতে একবার সংস্কার শেষ হলে, পশ্চিম নিউ ইয়র্কবাসী আরেকবার আমাদের অঞ্চলের ওয়াটারফ্রন্টে আমাদের সেরা সম্পদের সাথে সংযুক্ত হতে পারবে, এবং এই প্রজন্মে প্রথমবারের মতো, উপকূলের জীবের বাসস্থান পুনঃস্থাপন করার ব্যবস্থা করতে পারবে যা দীর্ঘদিন ধরে দূষণের দ্বারা নেতিবাচকভাবে প্রভাবিত হয়েছিলো। ফল হবে পরিবেশ, সম্প্রদায় ও আমাদের স্থানীয় অর্থনীতির জন্য বিজয়।"

**ইরি কাউন্টি নির্বাহী মার্ক পোলোনকার্জ বলেন,** "নতুন নাম প্রাপ্ত রেনেসাঁ কমার্স পার্ক (Renaissance Commerce Park) ইরি কাউন্টিতে একটি ব্যবসা কেন্দ্র হিসেবে উজ্জীবিত হয়েছে এবং অগ্রসর হচ্ছে এবং এই ঘোষণা অগ্রগতিকে আরো অগ্রসর করে। এই সার্বিক পরিচ্ছন্নতাকরণ চুক্তিতে কাজ করার জন্য এবং পুনর্গঠনের জন্য উপলভ্য এই অংশের জন্য আরো বেশি কিছু করার জন্য এবং একই সাথে জনসাধারণের ওয়াটারফ্রন্ট ব্যবহারের সুযোগ বৃদ্ধির জন্য গভর্নর হোকল ও টেকুমেশকে ধন্যবাদ জানাই। প্রাক্তন বেথলেহেম স্টিলের সাইটের জন্য এটি একটি উজ্জ্বল নতুন দিন এবং উজ্জ্বল নতুন ভবিষ্যৎ।"

**লাকাওয়ানা সিটির মেয়র অ্যানেট ইয়াফালো বলেন,** "NYSDEC-র প্রাক্তন বেথলেহেম স্টিলের 500 একর লেকের পাড়ের সাইটের সংস্কার পরিকল্পনা এই ঐতিহাসিক শিল্পকারখানার সাইটের চলমান পুনর্গঠনের আরেকটি উল্লেখযোগ্য মাইলফলক। দৃঢ় বহু-সরকার ও বেসরকারি অংশীদারের সমন্বয় ও বিনিয়োগ দ্বারা, আমরা টেকসই বাণিজ্যিক কর্মকাণ্ড তৈরি করছি যা বর্ধিত কর রাজস্ব সৃষ্টি করবে এবং লাকাওয়ানা ও ইরি কাউন্টিতে কর্মসংস্থান সৃষ্টি করবে। এছাড়াও আমরা 120 বছরের বেশি সময় পর লেক ইরি উপকূলের একটি প্রতিবেশী এলাকা জনসাধারণের বিনোদনের জন্য প্রথমবারের মতো খুলে দেওয়ার জন্য কাজ করছি। লাকাওয়ানা সিটি জীবনে একবার হয় এমন রূপান্তর প্রচেষ্টার একটি গুরুত্বপূর্ণ অংশীদার হতে পেরে আনন্দিত ও গর্বিত।"

নির্মাণ ওসংস্কার সাত বছর স্থায়ী হবে বলে ধারণা করা হচ্ছে। আরো তথ্য পাওয়া যাবে: https://bethlehemsteelcleanup.com/

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন